NOV. 1 4 2000

তারিখ ... ... ... ... ...

পৃষ্ঠা ১৩ কলাম ...৬......

দৈনিক ইনকিলাব

আগামী ১৮ নভেম্বর থেকে ডিগ্রী পরীক্ষা শুরু হতে যাচ্ছে। পরীক্ষার সাথে স্বাভাবিকভাবে এসেছে নকলের প্রসঙ্গ। কারণ, দেশের সকল পর্যায়ের পরীক্ষাসমূহে নকল এক ধ্বংসাত্মক কর্মকাণ্ডে পরিণত হয়েছে– যা যুগ যুগ ধরে জাতির উন্নতিকে বাধাগ্রস্ত করবে। কারণ, শিক্ষাই জাতির বর্তমান ও ভবিষ্যতের উন্নতির হাতিয়ার যথার্থ কর্মঠ ও বুদ্ধিসম্পন্ন জনশক্তি গড়ে তুলবে। তাই শিক্ষা ক্ষেত্রে নকল শুধু পরিত্যাজ্যই নয়, বরং এটা শিক্ষা অর্জনের সম্পূর্ণ বিপরীত এক মারাত্মক অন্তরায়। কোন বস্তু সৃষ্টির ক্ষেত্রে নকল করা চলে। কিন্তু শিক্ষার ক্ষেত্রে তা চলে না। কারণ শিক্ষা আমাদেরকে জীবনের উদ্দেশ্য, মূল্যবোধ, সততা, সংঘবদ্ধতা, সত্য-মিথ্যার পার্থক্য শেখায়। সর্বোপরি আত্মশক্তিতে বলীয়ান করে যাবতীয় উন্নতি সাধনের পথকে প্রশস্ত করে দেয়। এ ক্ষেত্রে নকলের কিছুই নেই। সত্যকে নকল করলে তা মিথ্যায় পরিণত হয়। অনুরূপভাবে মানুষের জীবন ও জীবনের নির্ধারিত লক্ষ্য রয়েছে যার কোন অন্যথা, নকল অথবা বিকল্প কোন অবস্থান হতে পারে না। তাই শিক্ষার বিষয়বস্তু, উপাদান ও লক্ষ্য অর্জনের পথে কোন প্রকার নকল, এমনকি কোন প্রকার গোঁজামিল চলতে পারে না।

শিক্ষার্থীকে যথার্থ শিক্ষিত করতে হলে তার সামনে জীবন, জীবনের উদ্দেশ্য, মূল্যবোধ, এ সবকিছুই সুস্পষ্ট করতে হবে। আর এসর কিছু সুস্পষ্ট ও যথাযথ অবহিত হবার পথে নকল প্রবণতা শিক্ষার মূল জিনিস থেকে শিক্ষার্থীকে অনেক দূরে ফেলে দেয়। এ জন্যই শিক্ষিত হয়েও কিছু লোক শিক্ষার মর্যাদা না বুঝার কারণে কুঅভ্যাসের দাস হয়। সন্ত্রাস, হত্যা, লুণ্ঠন, ধর্ষণ করতে তার বিবেকে ঠেকে না।

আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে যারা নকল করে তারা বিভিন্ন

## সামনে ডি

উপায়ে নকল কর
এগুলোর বিরুদ্ধে
প্রয়োজন। প্রথমত
লিখে নিয়ে পরীক্ষা
পয়েন্ট দিয়ে লিখে
এছাড়া কাগজের চি
জুতা, বেল্ট, গায়ের
ইনভিজিলেটরগণের
ক্ষেত্রে সাধারণ পদ্ধা
সব বেপরোয়া পদ্ধ
ভীতিকর। পরীক্ষার্থী
শুরু হওয়ার সাথে
ফাঁস এবং উত্তর সং
ভিতরে সরবরাহ
প্রশাসনের লোকদের
শিক্ষকও অংশ নেন
অনেকে এমন বেপ
ক্ষিপ্ত হয়ে ওঠে। পরি
প্রদর্শন এখন প্রায় হয়।
নকলকারীদের সাম
অসহায় হয়ে পড়ে
অনেকেও নকলকারী
দেশে বর্তমানে নক

কর্মীদের এক পুনর্মিলনী পরিষদের অন্যতম সহ-সভাপতি শ্রী চিত্তরঞ্জন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় পরিষদের সাধারণ সম্পাদক এডভোকেট সুব্রত চৌধুরী রমনা কালী মন্দিরের দেবোত্তর ভূমিতে সুদীর্ঘ ৩০ বছর পর শারদীয়া দুর্গোৎসব এবং শ্যামা পূজা সম্পন্ন হওয়ায় বর্তমান সরকারসহ সকল রাজনৈতিক ও সামাজিক সংগঠন, সাংবাদিক এবং পুলিশ প্রশাসনের প্রতি আন্তরিক ধন্যবাদ জানান।

তাকে মৃত ঘোষণা করেন। থানায় মামলা হয়েছে। লাশ মর্গে রয়েছে।

শনিবার সকাল সাড়ে ৭টায় প্রগতি সরণিতে একটি দ্রুতগামী ট্রাক (খুলনা-ট-৭৩) ২৫, ৩০, ও ৩৫ বছর বয়সের অজ্ঞাত তিন মহিলাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তাদের মৃত্যু ঘটে। আশপাশের লোকজন এগিয়ে এলে ড্রাইভার ট্রাকটি ফেলে পালিয়ে যায়। থানায় মামলা হয়েছে। ট্রাকটি আটক রয়েছে। নিহত তিনজনই গার্মেন্টিস শ্রমিক বলে পুলিশ জানায়।

# দৈনিক ইনকিলাব সম্পাদক ও প্রকাশকের বিরুদ্ধে মামলা দায়েরের প্রতিবাদ

**ইনকিলাব রিপোর্ট** ঃ দৈনিক ইনকিলাব সম্পাদক ও প্রকাশকের বিরুদ্ধে মামলা দায়েরের প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বিভিন্ন সংগঠন। বিবৃতিদাতারা বলেন, ইনকিলাবের জন্মলগ্ন থেকেই একটি চিহ্নিত মহল এর বিরুদ্ধে ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। তৌহিদী জনতার মুখপত্র ইনকিলাবের বিরুদ্ধে অপতৎপরতা যে কোন মূল্যে প্রতিহত করার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়।

**নোয়াখালী অফিস** ঃ দৈনিক ইনকিলাব সম্পাদক ও প্রকাশকের বিরুদ্ধে মামলা দায়েরের প্রতিবাদ জানিয়েছে বিভিন্ন সংগঠন। পৃথক পৃথক বিবৃতিতে তারা উল্লেখ করেন, দৈনিক ইনকিলাবের জন্মলগ্ন থেকে একটি চিহ্নিত মহল ইনকিলাবের

সভাপতি, প্রবীণ শিক্ষক নেতা অধ্যাপক আবুল কালাম আজাদ বলেছেন, জাতীয় পত্রিকা ইনকিলাব বন্ধের যে কোন অপতৎপরতা এবং ষড়যন্ত্র আমরা সহ্য করবো না। জনাব আজাদ গত শুক্রবার ঝালকাঠিতে প্রাথমিক শিক্ষকদের দক্ষিণাঞ্চলীয় প্রতিনিধি সম্মেলনে এ কথা বলেন।

### যুবদল

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের নোয়াখালী জেলার আহবায়ক মাহবুব আলমগীর আলো, যুগ্ম আহবায়ক কামাখ্যা চন্দ্র দাস এক যুক্ত বিবৃতিতে ছাত্রলীগের (আওয়ামী) সাবেক সাধারণ সম্পাদক কর্তৃক ইনকিলাব সম্পাদক এ,